

# সমকাল

## জাবিতে বৃষ্টিতে ভিজে হলের সামনে ছাত্রীদের অবস্থান

০৮ নভেম্বর ২০১৯

---

জাবি প্রতিনিধি

---



জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্রীরা বৃষ্টিতে ভিজে হলের সামনে অবস্থান নিয়েছেন-সমকাল

জাহাঙ্গীরনগর বিশ্ববিদ্যালয়ের ছাত্রীরা থাকার জায়গা না পেয়ে বৃষ্টিতে ভিজে হলের সামনে অবস্থান নিয়েছেন। শুক্রবার সন্ধ্যায় বিশ্ববিদ্যালয়ের বঙ্গমাতা বেগম ফজিলাতুন্নেছা মুজিব হলের সামনে অবস্থান নেন তারা।

শুক্রবার রাত ১০টার দিকে ছাত্রীরা জানান, হল খুলে না দেওয়া পর্যন্ত তারা হলের সামনে অবস্থান করবেন।

এদিকে আন্দোলনকারী শিক্ষকরা তাদেরকে হলের সামনে থেকে নিয়ে যাওয়ার জন্য এসেছেন। কিন্তু এখনও বিশ্ববিদ্যালয় প্রশাসন থেকে কেউ আসেনি।